

Total Pages-03

RNLKWC/P.G.-CBCS/IS/BENG-P.G./104/21

2021

BENGALI

[P.G.]

(CBCS)

(M.A. First Semester End Examination-2021)

PAPER-104

*Full Marks: 40*

*Time: 02 Hrs*

*The figures in the right hand margin indicate marks  
Candidates are required to give their answers in their own words as  
far as practicable*

*Illustrate the answers wherever necessary*

বিভাগ - ক

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও:-

২x৮= ১৬

- ১। বৈষ্ণব পদাবলীতে 'অভিসার' বলতে কি বোঝায়? লৌকিক অভিসারের সঙ্গে এর কোন পার্থক্য আছে কী? 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবিকৃতি বিশ্লেষণ করো।
- ২। 'চির চন্দন উরে হার না দেলা।' ...পদটি কার রচনা এবং কোন পর্যায়ের পদ। পদটিতে উক্ত পর্যায়ের ভাব আকুলতা কিভাবে ফুটে উঠেছে, তা পরিস্ফুট করো।

(2)

- ৩। ‘চৈতন্যচরিতামৃত’ মধ্যলীলা ৮ম পরিচ্ছেদ অনুসারে সাধ্য সাধন তত্ত্ব কী, তা বুঝিয়ে দাও।
- ৪। কবি রামেশ্বরের ‘শিবায়ন’ কাব্যে লৌকিক ও পৌরাণিক প্রসঙ্গ কীভাবে তাঁর রচনাকে সমৃদ্ধ করেছে, তা আলোচনা করো।

**বিভাগ – খ**

**যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও**

**8x 8= ১৬**

- ৫। “সই! কেমনে ধরিব হিয়া?  
আমার বঁধুয়া আন বাড়ি যায়,  
আমার আঙিনা দিয়া।” – স-প্রসঙ্গ ব্যাখ্যা লেখো।
- ৬। বৈষ্ণব পদাবলীতে ‘পূর্বরাগ ও আনুরাগ’ কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তাঁর রচিত, তোমার পাঠ্য যে কোন একটি পদের প্রথম দুটি চরণ লিপিবদ্ধ করো।
- ৭। ‘মধুর রস’ কেন শ্রেষ্ঠ আলোচনা করো।
- ৮। ‘প্রেম বিলাস বিবর্ত’ কী, তা বুঝিয়ে দাও।
- ৯। রাগানুভক্তি ও রাগান্বিকা ভক্তি বলতে কি বোঝো, তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।
- ১০। অন্যান্যমঙ্গল কাব্যের সংস্পর্কে ‘শিবায়ন’ কাব্যের সাদৃশ্য আলোচনা করো।
- ১১। শিব পার্বতির গার্হস্থ্য জীবনের পরিচয় দাও।
- ১২। ‘শিবায়ন’ কাব্যের শেষ অংশের কাহিনীটি নিজের ভাষায় বর্ণনা করো।

**বিভাগ – গ**

(3)

**যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও**

**8x ২= ৮**

- ১৩। অর্থ লেখো :- পেকলু, সঞ্চরু, অগোর, ধাবই।
- ১৪। “আহীরী রমনী হাসে দাঁড়াইয়া চারি পাশে  
হয় নয় দেখ সুধাইয়া।” – পদটি কোন পর্যায় ভুক্ত? এই পদের পদকর্তা কে?
- ১৫। গৌরাঙ্গ বিষয়ক পদ কাকে বলে?
- ১৬। রায় রামানন্দ কে ছিলেন? চৈতন্যদেবের সঙ্গে কোথায় তাঁর ভক্তিতত্ত্ব বিষয়ে আলোচনা হয়?
- ১৭। কবি কর্ণপুর কার উপাধি, এবং কে এই উপাধি দেন?
- ১৮। ‘চৈতন্যচরিতামৃত’ কাব্যের পর্যায় বিভাগ বিশ্লেষণ করে দেখাও।
- ১৯। ‘শিবায়ন’ কাব্যে বিবাহ সম্পর্কিত আচার আচরণ কোন অংশে আছে? দুটি আচারের উল্লেখ করো।
- ২০। ‘শিবায়ন’ কাব্যে পিতা হিমালয় গৌরীর অন্তপ্রাশন কত মাস বয়সে দিয়েছেন? অন্তপ্রাশন প্রসঙ্গে কাব্য-পংক্তিটি কী?